

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০১২৪.২৫.৩৮৪

বিষয়: রেয়ার এ্যাপারেল লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং-৬৫৫, তারিখঃ ২৭/০৭/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রেয়ার এ্যাপারেল লিমিটেড, অফিস: হাউজ নং-০৯, রোড নং-১৪, সেক্টর-০১, উত্তরা, ঢাকা-১২১৬ ও কারখানা: পূর্ব সদরপুর, আশুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা: - আরএমজি/ইএক্সপি/০০০১৩৬৯-২৫ তারিখঃ ১৯/০৬/২০২৫ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: “তৈরী পোশাক (নিট ও ওভেন)।” শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশপত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এডহক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে বর্ণিত কারখানার অনুকূলে নিম্নোক্ত ছক মোতাবেক ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য যে, বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

শিল্প উপখাত	এইচ এস কোড নম্বর	যান্মাসিক আমদানি স্বত্ব	বার্ষিক আমদানি স্বত্ব
“তৈরী পোশাক (নিট ও ওভেন)”	তালিকা সংযুক্তি	৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা মাত্র।	১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মাত্র।

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে রেয়ার এ্যাপারেল লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানাটি তৈরী পোশাক (নিট ও ওভেন) শিল্প প্রতিষ্ঠান হওয়ায় প্রতিষ্ঠানটির অনুকূলে ৬ষ্ঠ শ্রেণীর ১ম এডহক শিল্প আইআরসি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি তৈরী পোশাক (নিট ও ওভেন) বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

সংযুক্তি: বর্ণনামতে।



০৪-০৮-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

